

## এইচএসসির সময় হরতাল না দেওয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক >

১ এপ্রিল থেকে শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষার সময় হরতাল-অবরোধের মতো কর্মসূচি না দেওয়ার জন্য রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, মার্চের মধ্যেই এসএসসি পরীক্ষা শেষে নির্ধারিত সময়েই এইচএসসি পরীক্ষা শুরু করা হবে। গতকাল শুক্রবার সকালে রাজধানীর খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্র পরিদর্শনের সময় অভিভাবক ও সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ আহ্বান জানান।

তবে চলমান হরতাল-অবরোধের মধ্যে পরীক্ষা চলায় সন্তানের প্রত্যাশিত ফলাফল নিয়ে উদ্বিগ্ন অভিভাবকদের প্রশংস জবাবে শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষায় ভালো ফলাফলের জন্য শিক্ষার্থীদের বেশি নম্বর দেওয়ার কোনো সুযোগ নেই। হরতাল-অবরোধের কারণে শিক্ষার্থীদের পড়াশোনা ও পরীক্ষায় যাতে কোনো ব্যাঘাত না ঘটে সরকার সেই ব্যবস্থা নিচ্ছে বলে অভিভাবকদের আশ্বাস দেন তিনি।

পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী বলেন, হরতাল-অবরোধে প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ক্লাস-পরীক্ষার ক্ষতি হচ্ছে। অনিশ্চয়তা ও অজানা আতঙ্ক নিয়ে শিক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছে। এর খেসারত আগামী ৪০ বছর দিতে হবে। সব দল-মতের জোকের কাছে অনুরোধ, সুষ্ঠুভাবে পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করে দেবেন।

গতকাল অনুষ্ঠিত হয় এসএসসি ও সমমানের ১২ ফেব্রুয়ারির পরীক্ষা। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষ সূত্রে জানা যায়, গতকালের পরীক্ষায় অনুপস্থিত ছিল চার হাজার ৭৪৬ জন। দু'আর অসুদপায় অবলম্বনের দায়ে ১৩ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। আজ শনিবার অনুষ্ঠিত হবে গত ১ মার্চের পরীক্ষা।